# Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 15 July, 2025

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী বলেছেন, জনগণের সেন্টিমেন্টকে ধারণ করে আগামী রমজানের আগে জাতীয় নির্বাচন দিতে হবে। মঙ্গলবার (১৫ জুলাই) দুপুরে কুড়িগ্রাম কেন্দ্রীয় ঈদগাহ মাঠে আমরা বিএনপি পরিবার আয়োজিত জুলাই শহীদদের পরিবারে আর্থিক সহায়তা প্রদান অনুষ্ঠানে এ কথা বলেন তিনি।এসময় তিনি বলেন, দু-একটি ইসলামী দল জিয়াউর রহমানের অনুকম্পায় রাজনীতি করার সুযোগ পেয়েছেন।ইসলামের জন্য কারও অনুভূতি থাকলে সেটা বিএনপির আছে।

তিনি বলেন, তারেক রহমানকে নিয়ে যদি আপনারা কিছু করেন তাহলে আপনাদের উপরও অনেক কিছু নেমে আসবে।এসময় নেতাকর্মীদের উদ্দেশ্যে বলেন, কোন উস্কানিতে পা দিবেন না।

তিনি আরও বলেন, গত ১৬ বছরে বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের নেতৃত্বে গণতন্ত্রের মাঠ প্রস্তুত ছিল যে পটভূমি রচিত হয়েছিল সেই পটভূমির উপর জুলাই আন্দোলন বিজয় লাভ করেছে।আপনারা যখন অপপ্রচার আর কুৎসায় নেমেছেন তখন বিএনপি আহত-নিহত পরিবারের পাশে দাঁড়িয়েছে।তারেক রহমানকে নিয়ে অপপ্রচারে নামবেন না তাহলে আপনাদের উপর অনেক কিছুই এসে পরে যাবে।তারেক রহমান গণতন্ত্রের ধ্রুবতারা।এই গণতন্ত্রের ধ্রুবতারাকে দেখে জুলাই আগষ্টের আন্দোলন বেগবান হয়েছে।সুতরাং তাকে নিয়ে অশালীন মন্তব্য করা উচিত হবে না বলেও জানান বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী।

অন্তবর্তী সরকার নিয়ে রুহুল কবির রিজভী বলেন, দেশে অনেক সংকট থাকার পরেও ডা. ইউনুস সাহেবের সরকারকে আমরা সবাই সমর্থন করেছি।আজ ৩-৪ শত টাকা কাঁচা মরিচের কেজি।খাদ্যপণ্য দ্রব্যের দাম প্রতি সপ্তাহে ২-৩ টাকা বাড়ছে তারপরও আমরা সমর্থন করছি। আমরা জানি তিনি অসৎ না।শেখ হাসিনার মত পদ্মা সেতুর নামে, মেট্রোরেলের নামে, ফ্লাই ওভারের নামে দেশের বাইরে টাকা পাচার করছেন না।

অনুষ্ঠানে আমরা বিএনপি পরিবারের কেন্দ্রীয় কমিটির আহ্বায়ক আতিকুর রহমান রুমনের সভাপতিত্বে বক্তব্য রাখেন, কুড়িগ্রাম জেলা বিএনপির আহ্বায়ক মোস্তাফিজার রহমান, সদস্য সচিব সোহেল হোসনাইন কায়কোবাদ, যুগ্ম আহ্বায়ক সহকারী অধ্যাপক শফিকুল ইসলাম বেবু, সহকারী অধ্যাপক হাসিবুর রহমান হাসিব, সাবেক সাধারণ সম্পাদক সাইফুর রহমান রানা, রংপুর বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক আব্দুল খালেক, আমরা বিএনপি পরিবার উপদেষ্টা ইঞ্জিনিয়ার মোস্তফা ই জামান, সদস্য সচিব মোখছেদুল মমিন মিঠুনসহ অনেকে।

আলোচনা সভা শেষে কুড়িগ্রাম জেলার ১০ শহীদ পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদান করেন বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী।

বিএনপি মহাসচিব বেগম খালেদা জিয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 10:54

URL: https://timestodaybd.com/public/rangpur/4814618559